

Subject Bengali
2nd language
Worksheet
Class-6

সর্বনাম পদ: যে পদ বিশেষ্য পদ এর পরিবর্তে বসে তাকে সর্বনাম পদ বলে। অর্থাৎ বিশেষ্য পদ এর বদলে যে পদ কে আমরা ব্যবহার করি আমরা সেই পদকে সর্বনাম পদ বলে থাকি।

সর্বনাম পদের কিছু ব্যবহার নিচে দেখানো হলো।

আমি তোমার সঙ্গে সেখানে বেড়াতে গিয়েছিলাম সেও গিয়েছিল তিনি আমাদের আগেই গিয়েছিলেন কেউ কেউ বলে জায়গাটা ভালো সবাই একথা বলে না।

উপরের বাক্য বলিতে আমি, তোমার, সে, তিনি, কেউ কেউ, সবাই, কোন না কোন ব্যক্তির বদলে বসেছে বলে এগুলি সর্বনাম।

সর্বনাম তিন রকমের হয়-

১) উত্তম পুরুষের- সর্বনাম: অর্থাৎ যখন কোনো ব্যক্তি নিজেকেই বলছে বা নিজেদের কে বলছে।

যেমন: আমি, আমরা, আমাকে, আমাদেরকে, আমার, আমাদের ইত্যাদি।

২) মধ্যম পুরুষের সর্বনাম: বক্তা যখন সামনে উপস্থিত
কারো সম্বন্ধে কিছু বলছে যেমন: তুমি, তোমরা,
তোমাকে, তোমার,
তোমাдиগকে, তোমাদের ইত্যাদি।

৩) প্রথম পুরুষের সর্বনাম: যে সামনে উপস্থিত নেই বা
দূরে আছে এমন কারো সম্বন্ধে কিছু বললে হবে প্রথম
পুরুষের সর্বনাম যেমন: সে, তিনি, তাকে, তার, তাঁর,
তাদের, তাঁকে ইত্যাদি।

তাঁকে, তাঁদের, এই পদ দুটিতে চন্দ্রবিন্দু ব্যবহার করা
হয়েছে কারণ কোন বিশেষ ব্যক্তিদের বোঝানোর ক্ষেত্রে এই
পদ্ধতি ব্যবহার করা হয়। সাধারণের ক্ষেত্রে তারা, তাকে,
তাদের এগুলি ব্যবহার করা হয়।

অব্যয় পদ-যে পদের কোন অবস্থাতেই পরিবর্তন হয়না
তাদের অব্যয় বলে।

অর্থাৎ কিস্তি, এবং ,ইস্ বটে এইসব পদগুলি কোন
অবস্থাতে পরিবর্তন হয় না বলে এদের অব্যয় পদ বলা
হয়।

যেমন- অরুণ এবং করিম হলো দুই বন্ধু।

আবার বাঃ কি সুন্দর ফুল।

এছাড়া-ও, বাঃ,সেই, ওপর, এবং, যেমন, তেমন,
ঝমঝম,আর, নতুবা, যদি, সঙ্গে, মতো, বিনা, ছাড়া,
অথবা, কিংবা, নচেং, ইত্যাদি। পদ গুলি অব্যয় পদ
হিসেবে ব্যবহার হয়।

ক)নিচের প্রশ্নগুলির উত্তর দাও।

১) সর্বনাম পদ কাকে বলে?

২) সর্বনাম পদের যে কোনো দুটি উদাহরণ দাও।

৩) সর্বনাম পদ কে

কয়টি ভাগে ভাগ করা হয়?

৪) প্রত্যেকটি সর্বনাম পদের দুটি করে উদাহরণ দাও।

৫) অব্যয় পদ কাকে বলে?

৬) অব্যয় পদের যে কোনো দুটি উদাহরণ দাও।

খ) নিচের সঠিক পদ গুলি নির্দিষ্ট স্থানে* লেখ।

আমি, আমাকে,সে তিনি, বাঃ, কিন্তু, এবং, তোমার,
তাকে, যেমন তেমন, নতুবা, যদি।

সর্বনাম

অব্যয়
